

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৫৩

সোনা মুড়া, ২১ ফেব্রুয়ারি, ২০২১

কৃষিকাজ সম্প্রসারণে সরকার উদ্যোগ নিয়েছে : কৃষিমন্ত্রী

উদ্যান ও ভূমি সংরক্ষণ অধিকার এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে ৩ দিন ব্যাপী মোহনভোগ কৃষি মহকুমা ভিত্তিক উদ্যান মেলা সহ পুষ্প, সজ্জি ও ফল প্রদর্শনী গতকাল থেকে পূর্ব নলছড় দশমীঘাট প্রাঙ্গণে শুরু হয়েছে। চলবে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রদীপ প্রজ্জ্বলন করে মেলার উদ্বোধন করেন কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উদ্বোধনী ভাষণে কৃষিমন্ত্রী কেন্দ্র ও রাজ্য সরকারের কৃষিভিত্তিক বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধার কথা তুলে ধরেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী কৃষি সন্মাননিধির মাধ্যমে আর্থিক সহায়তা এবং কৃষি ক্রেডিট কার্ডের আওতায় কৃষি ঋণের ব্যবস্থা কৃষকদের মধ্যে সাড়া ফেলে দিয়েছে। তিনি বলেন, কৃষিকাজ সম্প্রসারণ সহ সরকার কৃষকদের আয় দ্বিগুণ করার উদ্যোগ নিয়েছে। রাজ্যের সুস্বাদু কুইন জাতের আনারস বিদেশে বাজারজাত করার পাশাপাশি কৃষকদের উৎপাদিত ধান ন্যায্য মূল্যে ক্রয় করা হচ্ছে। তিনি বলেন, কৃষিজ ফসল উৎপাদনের উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলা এবং কৃষি পণ্যগুলি বাজারজাতকরণের মাধ্যমে কৃষকদের আয় বাড়ানোর ব্যবস্থা করাই হচ্ছে সরকারের মূল লক্ষ্য। কৃষিভিত্তিক সফলতার কথা উল্লেখ করে তিনি বলেন, রাজ্যের ২ লক্ষ ৪৩ হাজার কৃষককে এ পর্যন্ত প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার আওতায় আনা হয়েছে। কৃষিভিত্তিক বিভিন্ন তথ্য জানার জন্য কৃষকদের স্বার্থে অধিকাংশ ব্লক এলাকায় খোলা হয়েছে কৃষক বন্ধু কেন্দ্র। উন্নত পদ্ধতিতে কৃষকরা যাতে কৃষিকাজে সমৃদ্ধ হতে পারে তার জন্য ভর্তুকিতে দেওয়া হচ্ছে বিভিন্ন প্রকারের কৃষি যন্ত্রপাতি। তিনি জানান, কৃষকদের বাড়তি আয়ের সুবিধার্থে ধানের পাশাপাশি ভুট্টা বা ডাল জাতীয় শস্য চাষ করারও সরকার উদ্যোগ নিয়েছে। তাছাড়া মাশরুম চাষ, মৌমাছি পালন, মৎস্যচাষ, ছাগল বা গোপালন ইত্যাদি কাজেও কৃষকরা যাতে উদ্যোগী হয় সে বিষয়ে গুরুত্ব আরোপ করেন তিনি। অনুষ্ঠানে সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত কৃষিক্ষেত্রে সরকারের যেসব উন্নয়নমূলক কর্মসূচি রয়েছে সেগুলি বাস্তবায়নের মাধ্যমে কৃষিকাজকে সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস, ত্রিপুরা ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান বাহারুল ইসলাম মজুমদার, সিপাহীজলার জেলাশাসক বিশ্বশ্রী বি প্রমুখ। স্বাগত ভাষণ দেন মোহনভোগ কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক বিভাস কান্তি দে।

অনুষ্ঠান মঞ্চে এছাড়াও অতিথি হিসেবে সিপাহীজলা জিলা পরিষদের দারিদ্র্য দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যান রতন দাস, জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বিশ্বজিৎ সাহা, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জওহরলাল ঘোষ এবং মোহনভোগ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীবাস ভৌমিক প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহরায় ১০ জন কৃষকের হাতে ধান মাড়াই এবং ৩০ জন কৃষকের হাতে স্প্রে মেশিন আনুষ্ঠানিকভাবে তুলে দেন। মেলাকে কেন্দ্র করে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর সহ স্বাস্থ্য দপ্তর, মৎস্য দপ্তর এবং অন্যান্য দপ্তরের পক্ষ থেকে ৬টি প্রদর্শনী স্টল খোলা হয়েছে। ৩দিনব্যাপী মেলার প্রতিদিন সন্ধ্যায় অনুষ্ঠান মঞ্চে অনুষ্ঠিত হচ্ছে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।
